

(2)

Ex./BANGLA/UG/6.4/75/2017

৩ক. বাংলাদেশের সংখ্যালঘু শোষণ ও নির্যাতনের বাস্তবতা কীভাবে 'সৌদামিনী মালো' গল্পে আখ্যানবাস্তবতায় উত্তীর্ণ হয়েছে, তোমার গল্প পাঠের নিরিখে তা বিশ্লেষণ করো। ১০

অথবা

৩খ. ওমর ও তার বন্ধুদের অভিযাত্রা শেষ পর্যন্ত কোথায় পৌঁছেছিল? আদৌ কোনো লক্ষ্য, কোনো সমাপ্তিতে পৌঁছেছিল কি? 'একটি দীর্ঘশ্বাসের ডালপালা' গল্পটি অবলম্বনে তোমার মতামত দাও।

৪ক. 'ভারতবর্ষ' কবিতায় উপমহাদেশের যে ছবি রচনা করে তোলেন কবি আল মাহমুদ তা একদিকে নানা বিরুদ্ধতায় ভরা, অন্যদিকে চিরন্তন ঔদার্যে মহত্তম। আলোচনা করো। ১০

অথবা

৪খ. শহীদ কাদরীর কবিতায় স্বপ্ন এবং দ্রোহ কীভাবে আশ্চর্য দক্ষতায় মিশে যায়, তোমার পঠিত কবিতা অবলম্বনে তা বুঝিয়ে লেখ। ১০

— X —

কলাস্নাতক অন্ত্য সিমেন্টার পরীক্ষা, ২০১৭

(তৃতীয় বর্ষ, ষষ্ঠ সিমেন্টার)

বাংলা

বাংলাদেশের সাহিত্য

কোর্স ইউ. জি. - ৬.৪

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১ক. "আমরা হিন্দু বা মুসলমান যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালি।" মুহম্মদ শহীদুল্লাহ-র এই বক্তব্য অনুসারে বাঙালির আত্মসত্তার স্বরূপ নির্ণয় করো। ১০

অথবা

১খ. ২১ ফেব্রুয়ারি ১৯৫২-র মাতৃভাষা আন্দোলন কীভাবে আন্তর্জাতিক মাতৃভাষা আন্দোলন হয়ে উঠেছিল—তা ব্যাখ্যা করো। ১০

২ক. 'লালসালু' উপন্যাসের আখ্যান নির্মাণে মজিদের দুই স্ত্রী রহীমা ও জমিলার গুরুত্ব বিশ্লেষণ করো। ১০

অথবা

২খ. যে মিথ্যাচারে মজিদের আধিপত্য বিস্তারের সূচনা, সময় বিশেষে তা কীভাবে সেই আধিপত্য টিকিয়ে রাখার অস্ত্র হিসেবেও ব্যবহৃত হয় তা উপন্যাস অবলম্বনে আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

(Turn over)